অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে, ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকল চুরি হওয়া যানবাহন, টাইটেল, যন্ত্রাংশ এবং সার্ভিস উদ্ধারের মাধ্যমে ভোক্তাদের 13.6 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সাশ্রয় করেছে

2025 সালে 10.4 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের 384টিরও বেশি চুরি হওয়া যানবাহন উদ্ধার করা হয়েছে

টাইটেল, মেরামত এবং রিফান্ড বাবদ অতিরিক্ত 3.2 মিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধার করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকল (Department of Motor Vehicles, DMV) 2025 সালে চুরি হওয়া যানবাহন, টাইটেল, যন্ত্রাংশ এবং সার্ভিসেস বাবদ 13.6 মিলিয়ন ডলারেরও বেশি পুনরুদ্ধারে নিউ ইয়র্কবাসীদের সহায়তা করেছে। এই সংখ্যাটি 2024 সালের 11 মিলিয়ন মার্কিন ডলার থেকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এই পুনরুদ্ধার অভিযানগুলো সংগঠিত যানবাহন চুরি এবং নিউ ইয়র্কবাসীদের সরলতার সুযোগ নিয়ে থাকা জালিয়াতি চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে সাহায্য করে।

"ভোক্তারা প্রতারিত হলে, নিউ ইয়র্ক (New York) তাদের পাশে দাঁড়াবে এবং অন্যায়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্টেটের অধিকাংশ অটো মেরামতকারী প্রতিষ্ঠান এবং ডিলাররা চমৎকার কাজ করেন; কিন্তু যখন জালিয়াতি বা চুরির মতো ঘটনা ঘটে, তখন স্টেট সরকার পরিস্থিতি মোকাবেলার জন্য তার সাধ্যমতো সবকিছু করবে। DMV অনেক নিউ ইয়র্কবাসীর ধারণার চেয়েও অনেক বেশি কাজ করে এবং এটি ভোক্তাদের সুরক্ষায় তাদের দৈনন্দিন কাজের একটি উজ্জ্বল দৃষ্টান্ত।"

গভর্নর Hochul (হোকল) গাড়ি চুরির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াকে অগ্রাধিকার দিয়েছেন। গভর্নর তার 2026 সালের কর্মপরিকল্পনার একটি মূল অংশ হিসেবে গাড়ি বিমার খরচ কমানোর লক্ষ্য নির্ধারণ করেছেন। বর্তমানে, নিউ ইয়র্কবাসীরা পুরো দেশের মধ্যে অন্যতম সর্বোচ্চ হারে গাড়ি বিমার প্রিমিয়াম পরিশোধ করছেন। চুরি হওয়া যানবাহন এবং সংগঠিত জালিয়াতি হলো এই ক্রমবর্ধমান ব্যয়ের অন্যতম দুইটি কারণ। বাস্তবসম্মত সংস্কারগুলো এগিয়ে নেওয়ার মাধ্যমে, গভর্নর Hochul (হোকল)-এর এই প্রস্তাব নিউ ইয়র্কের রাস্তাগুলোকে আরো নিরাপদ করার পাশাপাশি লক্ষ লক্ষ ড্রাইভারকে প্রয়োজনীয় স্বস্তি প্রদান নিশ্চিত করবে। গভর্নরের উদ্যোগ সম্পর্কে আরো জানুন।

DMV কমিশনার Mark J.F. Schroeder (মার্ক জে.এফ. শ্রোডার) বলেন, "আমাদের কর্মীবৃন্দ এবং নেতৃত্ব ভোক্তাদের সহায়তা করার জন্য তারা যে কাজ করেন তা নিয়ে অত্যন্ত গর্বিত। আপনার কাছে যদি কোনো ত্রুটিপূর্ণ গাড়ি বিক্রি করা হয়, নিম্নমানের মেরামতের শিকার হন অথবা কেনা গাড়ির মালিকানা সংক্রান্ত কাগজাদি না পান, তাহলে আমাদের কর্মীরা আপনাকে সাহায্য করতে পারেন। আমরা প্রথমে গ্রাহক এবং ব্যবসার মধ্যকার মতপার্থক্যগুলো মিটিয়ে ফেলার চেষ্টা করি, তবে প্রয়োজনবোধে ভোক্তাদের সুরক্ষায় আমাদের আইন প্রয়োগকারী ব্যবস্থা গ্রহণে আমরা দ্বিধা করব না।"

নিউ ইয়র্কবাসীদের জন্য জীবনযাত্রার ব্যয় কমানো এবং ক্রমবর্ধমান গাড়ি বিমার খরচ মোকাবিলার অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেট মোটর ভেহিকেল থেফট অ্যান্ড ইন্স্যুরেন্স ফ্রড প্রিভেনশন বোর্ড (New York State Motor Vehicle Theft and Insurance Fraud Prevention Board)-কে নতুন করে সক্রিয় করছেন। এই বোর্ডের অংশ হিসেবে, DMV অন্যান্য সংস্থা এবং সংশ্লিষ্ট অংশীদারদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করবে যার লক্ষ্য হলো লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য বিমা খরচ কমাতে গাড়ি চুরি এবং জালিয়াতি রোধে নতুন পদ্ধতি কার্যকর করা।

সংস্থাটি 10.4 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূল্যের 384টি চুরি হওয়া যানবাহন এবং 76,778 মার্কিন ডলার মূল্যের অতিরিক্ত 18টি চুরি হওয়া যন্ত্রাংশ উদ্ধার করেছে। নিউ ইয়র্কবাসীদের ফেসবুক মার্কেটপ্লেস, ক্রেগসলিস্ট এবং এই ধরনের অন্যান্য ওয়েবসাইট থেকে অনলাইনে গাড়ি কেনার ক্ষেত্রে সতর্ক থাকার জন্য আহ্বান জানানো হচ্ছে। প্রায়শই এই সব যানবাহনের ভেহিকেল আইডেন্টিফিকেশন নম্বর (Vehicle Identification Numbers) পরিবর্তিত থাকে এবং মালিকানা সংক্রান্ত কাগজাদি জাল করা হয়, এর ফলে নিরীহ ক্রেতারা যখন বুঝতে পারেন যে তারা অজান্তেই একটি চুরি করা গাড়ি কিনেছেন, তখন তারা অর্থ এবং গাড়ি—উভয়ই হারিয়ে ক্ষতিগ্রস্ত হন।

উপরন্তু, DMV 604 জন ভোক্তাকে অসাধু অটো ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানের কাছ থেকে 3.2 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূল্যের যানবাহনের টাইটেল, সার্ভিসেস এবং রিফান্ড পুনরুদ্ধারে সহায়তা করেছে।

ভোক্তাদের অভিযোগ তদন্ত করার পর, DMV সেইসব ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে যারা ক্রেতাকে বড় ধরনের ত্রুটি না জানিয়ে গাড়ি বিক্রি করেছিল, অসম্পূর্ণ বা নিম্নমানের মেরামতের জন্য টাকা নিয়েছিল অথবা যে মেরামতের প্রয়োজন নেই তার জন্য ভোক্তা বরাবর বিল করেছিল। এই কার্যক্রমের মাধ্যমে, ডিলারশিপ এবং মেরামতের দোকান থেকে মোট 1,604,460 মার্কিন ডলার আদায়ে DMV 538 জন ভোক্তাকে সহায়তা করেছে। এই ব্রেকডাউনের মধ্যে রয়েছে রিফান্ড বাবদ 882,131 মার্কিন ডলার, গাড়ি পুনঃক্রয় বাবদ 459,979 মার্কিন ডলার এবং পুনঃমেরামত বাবদ 252,655 মার্কিন ডলার।

এছাড়াও, গাড়ির ডিলারশীপ হঠাৎ বন্ধ হয়ে গেলে বা ভোক্তাদের যানবাহনের মালিকানা সংক্রান্ত কাগজাদি প্রদান না করলে DMV নিউ ইয়র্কবাসীদের সহায়তা করেছে। DMV 1,589,983 মার্কিন ডলার মূল্যের 66টি মালিকানা সংক্রান্ত কাগজাদি পুনরুদ্ধার করেছে। মালিকানা সংক্রান্ত কাগজাদি ছাড়া একজন যানবাহন মালিক মালিকানা পরিবর্তন করতে, লিয়েন বা ঋণের

দায়বদ্ধতা মেটাতে অথবা গাড়ি বন্ধক রেখে ঋণ নিতে বা বিমা দাবি করার জন্য প্রয়োজনীয় মালিকানার প্রমাণ দিতে পারেন না।

DMV ভোক্তাদের শুধুমাত্র নিবন্ধিত ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানের সাথে লেনদেন করার জন্য অনুরোধ করছে। ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান—উভয়কেই তাদের ভবনের বাইরে একটি সাইনবোর্ড টাঙ্গিয়ে রাখা বাধ্যতামূলক যা জনসাধারণকে অবহিত করবে যে তারা DMV-এর অধীনে নিবন্ধিত। এই সাইনবোর্ডগুলোতে DMV-কর্তৃক ইস্যু করা ফ্যাসিলিটি নম্বরও অন্তর্ভুক্ত থাকে। মেরামতের দোকানের সাইনবোর্ডটি সাদা অক্ষরসহ সবুজ রঙের হয়ে থাকে। ডিলারের সাইনবোর্ডটি সাদা অক্ষরসহ লাল রঙের হয়ে থাকে।

অন্যায্য চার্জ বা নিম্নমানের কাজের সম্মুখীন হয়েছেন এমনটি মনে করা গ্রাহকেরা DMV-নিয়ন্ত্রিত ব্যবসার বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারেন।

ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোনো অভিযোগের সম্মুখীন হলে তাদের অধিকার সম্পর্কে DMV গাইড ফর ফ্যাসিলিটিজ (Guide for Facilities)-এ বিস্তারিত তথ্য প্রদান করে। মেরামতের জন্য যানবাহন আনার ক্ষেত্রেও DMV প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে।

DMV-নিয়ন্ত্রিত ব্যবসা প্রতিষ্ঠান খুঁজে পাওয়ার জন্য একটি অনলাইন নির্দেশিকাও DMV-এর ওয়েবসাইটে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন